Times Today BD

ডেক্ষ রিপোর্ট | রাজনীতি | 26 June, 2025

ময়মনসিংহে অনলাইনে আওয়ামী লীগের নেতা-কর্মীদের সংগঠিত করার অভিযোগে মনোয়ার হোসেন খান মিনার (৪৫) নামে এক কলেজের অধ্যক্ষকে আটক করেছে যৌথ বাহিনী।বুধবার বিকেলে নগরীর নতুন বাজারের ব্যক্তিমালিকানাধীন ক্যাপিটাল কলেজ থেকে তাকে আটক করা হয়।

মনোয়ার হোসেন খান মিনার ময়মনসিংহ জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সদস্য এবং ক্যাপিটাল কলেজের অধ্যক্ষ।আটককালে তার কাছ থেকে বিভিন্ন মোবাইল ফোন ও ডিভাইসে আওয়ামী লীগের পলাতক নেতা-কর্মীদের সঙ্গে নিয়মিত যোগাযোগের প্রমাণ পাওয়া যায়।

সেনাবাহিনীর ১৩ ব্যাটালিয়নের ময়মনসিংহ সদর ক্যাম্পের কমান্ডার মেজর জায়েদ সাদ আল রাব্বী জানান, সামাজিক যোগাযোগমাধ্যম ও বিভিন্ন অ্যাপস ব্যবহার করে সহিংস কর্মকাণ্ডের পরিকল্পনা করা হচ্ছিল।এসব তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়।

অধ্যক্ষ মিনারকে পুলিশের হেফাজতে রাখা হয়েছে এবং তার বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হচ্ছে।অভিযানে পুলিশ ও সেনাসদস্যরা বেলা ১টা থেকে বিকেল ৪টা পর্যন্ত অভিযান চালিয়েছেন।

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 21:44

URL: https://timestodaybd.com/public/politics/560453750